



গৌরীপুর : গাছে থোকায় থোকায় বুলে থাকা লটকন ফল (বামে), বাজারে বিক্রির জন্য নিয়ে আসা লটকন ফল (ডানে)

ইত্তেফাক

গৌরীপুরে লটকন বিক্রি করে ঘরে উঠছে কোটি টাকা

■ গৌরীপুর (ময়মনসিংহ) সংবাদদাতা

কৃষিপ্রধান এলাকা হিসেবে খ্যাত ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ভূমি কিছুটা উঁচু এবং বন্যা ও জলাবদ্ধতা সৃষ্টি না হওয়ায় উপজেলার অধিকাংশ ইউনিয়নে রয়েছে বড় বড় জঙ্গল ও ঝোপঝাড়। এসব জঙ্গল ও ঝোপঝাড়ে চাষাবাদ ও পরিচর্যা ছাড়াই প্রকৃতিগতভাবে জন্ম নেয় দেশীয় ফল লটকন (আঞ্চলিক নাম বুবি)। এই ফলে মানসম্মত পুষ্টিগুণ থাকায় ও স্বাদে ভরপুর হওয়ায় এর চাহিদা বৃদ্ধি পেয়েছে। এই ফলের বাগানের মালিকরা বেশ কয়েক বছর যাবৎ প্রতি মৌসুমে শুধু লটকন ফল বিক্রি করে অতিরিক্ত লক্ষ লক্ষ টাকা ঘরে তুলছেন। এ বছরও সমগ্র উপজেলায় লটকন ফলের বাষ্পার ফলন হয়েছে। এতে চলতি মৌসুমে লটকন বাগান মালিকদের ঘরে উঠবে প্রায় কোটি টাকা।

কৃষি বিশেষজ্ঞদের মতে, জলাবদ্ধতা হয় না সেই সব উঁচু স্থানের ঘন ঝোপ-জঙ্গলে ও বাঁশঝাড়ের নিবিড় ছায়ায় লটকন ফলের গাছ আপনাআপনি বংশ বিস্তার করে থাকে। বিশেষ করে পাকা লটকন ভক্ষণকারী পশু ও পাখির বিষ্ঠা থেকেই বেশি বংশ বিস্তার ঘটে লটকন ফল গাছের।

লটকন ব্যবসায়ী মোঃ জহির মিয়া জানিয়েছে, উপজেলার বোকাইনগর ইউনিয়নের বৃ-বড়ভাগ গ্রামের লটকন বাগানের মালিক শহর বেপারী, মোতালেব, শাহজাহান, রুহুল আমিন, নজরুল, কাদির, আকতার, বাবুল আরশেদ আলী এ বছর কয়েক লক্ষ টাকায় তাদের লটকন বাগান আগাম বিক্রি করেছেন।